যুগান্তর

তারিখ 20 AUG 2017
পৃ. ...২০... কলাম... ৮......



ধীরেন রায়

### শিক্ষক নিয়োগে বিরোধ

# উজিরপুরে স্কুল সভাপতি খুন

**উজিরপুর প্রতিনিধি**

বরিশালের উজিরপুরে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে বিরোধের জের ধরে স্কুল ম্যানেজিং কমিটির (এসএমসি) সভাপতি খুন হয়েছেন। নিখোঁজের দু'দিন পর তার লাশ পার্শ্ববর্তী নাজিরপুর উপজেলার একটি খাল থেকে উদ্ধার করেছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলার সাতলার শিবপুর নবীন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ধীরেন রায়ের সঙ্গে স্কুলের প্রধান শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৪

# উজিরপুরে স্কুল সভাপতি খুন

(শেষ পৃষ্ঠার পর)

স্থানীয় লোকজন ও শিক্ষকদের একাংশের বিরোধ চলে আসছিল। ১৭ আগস্ট রাতে নিখোঁজ হন ধীরেন রায়। পরদিন তার ছেলে দিলীপ রায় বাদী হয়ে উজিরপুর থানায় অজ্ঞাতনামা ব্যক্তিদের বিরুদ্ধে অপহরণ মামলা করেন। শনিবার সকাল ১০টায় নাজিরপুর উপজেলার পদ্মডুবি গ্রামে ডাকুয়ার খালে তার লাশ ভাসতে দেখে স্থানীয়রা। এ খবর জানতে পেরে নিখোঁজের আত্মীয়স্বজন ঘটনাস্থলে গিয়ে লাশ শনাক্ত করে পুলিশকে খবর দেয়।

স্থানীয় সূত্রে জানা যায়, নবীন মাধ্যমিক বিদ্যালয়ে ৭ জুলাই প্রধান শিক্ষক পদে কাশিকান্ত রায়কে নিয়োগ দেয়া হয়। এ নিয়ে নিয়োগবঞ্চিত সহকারী শিক্ষক সুনিল মাসস্টার, একই এলাকার সাবেক ভারপ্রাপ্ত ইউপি চেয়ারম্যান সুভাষ রায় ও তার সহযোগী হরষিত, সুরেশ, প্রদীপ মাস্টার এবং সাতলা ইউনিয়ন যুবলীগ নেতা ইকবাল বালীর সঙ্গে দ্বন্দ্ব চলে আসছিল। এর জের ধরে তাকে হত্যা করা হয়েছে বলে দাবি নিহতের পরিবারের সদস্যদের।

নিহতের ছেলে দিলীপ রায় জানান, নিয়োগের পর থেকে সুভাষ রায় এবং কতিপয় শিক্ষক ও সন্ত্রাসী ইকবাল বিভিন্নভাবে আমার বাবাকে ভয়ভীতি প্রদর্শন ও হত্যার হুমকি দিয়ে আসছিল। তারাই আমার পিতাকে হত্যা করেছে। বর্তমানে আমরা চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। ওসি গোলাম ছরোয়ার জানান, তাকে নিশ্চিত হত্যা করা হয়েছে। অপহরণ মামলাটি হত্যা মামলা হিসেবে নেয়া হবে। লাশের সুরতহাল করে ময়নাতদন্তের জন্য বরিশাল হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর